



القنصلية العامة لجمهورية بنفلاڊيش الشعبية، جدة
Consulate General of
the People's Republic of Bangladesh, Jeddah

নং-১৯.০২.৯৬৬২.১০১.১৮.৫১৬.১৮-৬৭

তারিখঃ ১৫ মার্চ ২০২১

জরুরী বিজ্ঞপ্তি

সৌদি আরবের জেদ্দা কনস্যুলেটের আওতাধীন এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে এবং ভয়াবহ বিস্তার রোধে সৌদি সরকারের জারীকৃত কারফিউ ও লোক চলাচলের উপর বিধি-নিষেধ আরোপের প্রেক্ষিতে বিগত ২২ মার্চ ২০২০ তারিখ থেকে প্রবাসী বাংলাদেশীগণের এমআরপি রি-ইস্যুর আবেদন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দায় ই-মেইলের মাধ্যমে জমা নেয়ার প্রক্রিয়া চালু করা হয়েছিল। বর্তমানে পরিবর্তিত পরিস্থিতিতে সৌদি সংশ্লিষ্ট ব্যাংক এর সাথে ব্যাংকিং জটিলতার কারণে পাসপোর্ট রি-ইস্যু প্রক্রিয়াকরণ সমস্যা হচ্ছে।

২। সে প্রেক্ষিতে প্রবাসী বাংলাদেশীগণের পাসপোর্ট রি-ইস্যুকরণের নিমিত্ত ই-মেইলের মাধ্যমে আবেদন প্রেরণের প্রক্রিয়া আগামী ২০ মার্চ ২০২১ থেকে সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে ৫(পাঁচ) বৎসর মেয়াদী পাসপোর্ট রি-ইস্যুর জন্য জেদ্দাস্থ বোগদাদিয়ায় EDC-তে (Al Maml General Services) যথারীতি সেবা কার্যক্রম চলমান থাকবে। তাছাড়া, জেদ্দা কনস্যুলেটের হট লাইন নম্বরে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণের জন্যও অনুরোধ করা হলো। জেদ্দা কনস্যুলেটের হট লাইন নাম্বার ৮০০ ২৪৪ ০০৫১।

৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নোটিশ জারী করা হলো।

